বাংলাকে জাতিসংঘের দাপ্তরিক ভাষা করার দাবি ওবায়দুল কাদেরের

চেম্বার ডেস্ক:: উচ্চশিক্ষা এবং উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি জাতিসংঘের দাপ্তরিক ভাষা হিসেবে বাংলাকে অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে রবিবার প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষে পুষ্পার্ঘ অর্পণ শেষে সাংবাদিকদের কাছে তিনি এ প্রত্যয় ব্যক্ত করেন।

কাদের বলেন, ‘আজকে বিশ্বে বাংলা ভাষা হচ্ছে ছষ্ট ভাষা, জনসংখ্যার দিক থেকে। অথচ জাতিসংঘে এখনো দাপ্তরিক ভাষা হিসাবে স্বিকৃতী দেয়নি। আমরা আজকে একুশের মঞ্চ থেকে সেই দাবি জানাচ্ছি।’

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, ‘স্বাধীনতার এত বছর পরও, আমাদের বিজয় সুসংহত হতে পারেনি কারণ আমাদের প্রধান শত্রু সাম্প্রদায়িকতা। সাম্প্রদায়িকতার ডাল-পালা বাংলাদেশে এখনও রয়ে গেছে। তাই এবারকার একুশের প্রত্যায় হোকে আমরা সাম্প্রদায়িকতার বৃষকে উপড়ে ফেলতে চাই।’

দেশের জনগণকে ঐক্যবদ্ধ হবার আহবান জানিয়ে তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের উদার অসাম্প্রদায়িক গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে সাম্প্রদায়িক অপশক্তির শেকড় উৎপাটনের প্রত্যয় আমাদের।

এ সময় আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য বেগম মতিয়া চৌধুরী ও কর্নেল (অব.) ফারুক খান, যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ, সাংস্কৃতিক সম্পাদক অসীম কুমার উকিল, দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া, উপ দফতর সম্পাদক সায়েম খান উপস্থিত ছিলেন।